

প্রেসিডেন্ট ওবামা & সুবর্ণ আইজাক বারী আনিসুল ইসলাম

সময়টা ছিল ১৭ ই নভেম্বর, খুব ব্যস্ততার একটা সময়।

সকাল বেলা রেডিও শেষ করেই আগ্রাবাদের নিউজ পেপারের দোকানে চু মারলাম, কালের কণ্ঠের প্রথম পাতা জুড়ে এসেছে বিখ্যাত বালক সুবর্ণ আইজাক বারীকে নিয়ে ফিচার, বাবুতা নোবেল বিজয়ী ডক্টর মুহাম্মদ ইউনুসের পর আরেক নোবেল বিজয়ী মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার কাছ থেকে তাঁর মেধার স্বীকৃতি পেয়েছে, হকারের ছবিও তুলছিলাম সেদিন, আমি সেদিন এমন কিছু করছিলাম যেটা কখনো আমি করিনি, একজন অপূর্ব বিখ্যাত বালকের মেধার তায়জ্যকার সবার মাঝে ছড়িয়ে দেবার প্রচেষ্টা, যাকে আমি কখনো দেখিনি কিন্তু আজকের অনলাইনের যুগে সেই বিখ্যাত বালক সুবর্ণ আমাকে প্রভাবিত করেছে, সে যখন সুদূর আমেরিকা থেকে তাঁর প্রিয় ব্ল্যাকবোর্ডে লিখে তাঁর প্রিয় আনিস আংকেলকে ধন্যবাদ জানায় তখন আমার বুকটা ভালোবাসায় ভরে ওঠে, শিশুর পবিত্র ভালোবাসা আমার চোখে জল আনে।



Anisul Islam

Anisul Islam's Hawker

প্রফেসর বারী ভাইয়ের কনিষ্ঠ সন্তান সুবর্ণ, বেশিদিন হয়নি বারী ভাইয়ার সাথে আমার ফেসবুকে বন্ধুত্ব, গুলশান হামলার পর একটা খুব বাজে সময় আমরা পার করেছি, সেই সময়ই তাঁর সাথে আমার বন্ধুত্ব, সুদূর আমেরিকা থেকে যে মানুষটি গুলশান হামলার প্রতিবাদে সোচ্চার হয়ে উঠছেন, মৌলবাদের বিপক্ষে তাঁর বলিষ্ঠ কণ্ঠ এবং ধর্মের নামে সন্ত্রাসকে যিনি বারবার ধিক্কার জানাচ্ছেন তাঁর ভিডিও বার্তায়। সেই ভিডিও দেখেই আমি দারুন ভাবে প্রভাবিত হই, যে আমরা এত বড় জঘন্য হত্যাকাণ্ডের প্রতিবাদ জানাতেও দ্বিধাগ্রস্ত সেই তিনি সুদূর আমেরিকায় বসে ধর্মীয় সন্ত্রাসের বিরুদ্ধে তাঁর প্রতিবাদ ছড়িয়ে দিচ্ছেন আর ভাবতে বাধ্য করছেন কতখানি নিষ্ক্রিয় আমরা।

বারী ভাইয়ের হাত ধরেই সুবর্ণ বাবুতার সাথে আমার পরিচয়, আমি তাকে বলতাম বারী ভাই সুবর্ণ আর কত ম্যাথ করবে ওকে ছড়া পড়তে দিন অথবা গান শুনতে দিন, বারী ভাই তখন বলেছিলেন আনিস সুবর্ণ যা করছে তা সে ভালোবাসে তুমি যেমন ভালোবাসো কবিতা অথবা গান, আমি তোমার কথা, তোমার ইচ্ছা ওকে বলবো, বারী ভাই সত্যি সেটা বলবেন আমি ভাবিনি, যেদিন দেখলাম সুবর্ণ আমার জন্য ব্ল্যাকবোর্ডে চক ধরছে, আর বলছে ডিয়ার আনিস আংকেল, খ্যাংকস ফর ইউর পয়েম,

তখন আমার আর জানার বাকি থাকলো না, সত্যি কতটা জানে এই বাবুতা।

বারী ভাইকে দেখলেই মনে হয় হ্যা আমি একজন সত্যিকার পিতাকে দেখছি, যিনি তাঁর সন্তানকে পৃথিবীর যেকোন কিছুর চাইতে সবচেয়ে বেশি ভালোবাসেন, রাস্তায় বসে পড়েন সন্তানকে নিয়ে ম্যাথ করতে, ভাবনার জগতকে আলোড়িত করতে, যিনি চিৎকার করে ওঠেন সুবর্নের সাথে সাথে, যিনি সুবর্নকে জানিয়ে দেন মানুষ কতখানি মুফ হচ্ছ তাঁর প্রতিভায়, কতখানি ভালোবাসে তাকে পৃথিবীর হৃদয়বান মানুষেরা।

সেদিন ১৭ ই নভেম্বর বেশ কতখানি ছবি তুলে তৃপ্তি পাচ্ছিলাম না, কোয়ালিটি ভালো নয়, বন্ধু সুহদের সাথে দেখা করে বললাম কিছু ছবি তুলে দাও পত্রিকা সমেত, যেই বলা সেই কাজ।

আজ দিনটাতে সুবর্নের, আমাদের সুবর্নের।

সেদিন আবার বিকেল তিনটায় ঢাকার ট্রেন ধরতে হবে তবে ভাইভা অপেক্ষা করছে এর পরদিন।

নিউ মার্কেটে গিয়ে এই ফাকে পত্রিকার দোকানে গিয়ে ভিডিও করলাম, মানুষ অবাক হচ্ছিলো আমি আসলে করছিটা কি! আমি কী করে বোঝাই আমি সুবর্নের জন্য করছি আর করছি কিছু অনুপ্রেরনা যদি ছড়ানো যায় এই দেশের অগনিত হতাশাবাদী মানুষের মধ্যে, কিছু অনুপ্রেরনা যদি ছড়ানো যায় এই দেশের মেধার চর্চা বিমূর্খ অতিমার্তায় ইন্টারনেট আসক্ত প্রজন্মের মধ্যে! রেলস্টেশন পৌছাতেই আবার মোবাইল হাতে নিলাম রেকর্ড করবার জন্য, বন্ধু মেজবাহ যেন হয়ে গেলো ডাইরেক্টর, সাথে সাথে একজন লোক বলে উঠলো ভাই এই বাচ্চার ছবি কেন রেকর্ড করছেন!



Best wishes to amazing boy Subarna Isaac Bari

 anisul islam

পরশ্বনেই পর্দার পেছনে কাজ করা আমি বন্ধু মেজবাহ'র সহযোগিতায় সুবর্নের জন্য বানিয়ে ফেললাম এক শুভ কামনার বার্তা, আমরা বাংলাদেশীরা তাঁর অর্জন আর প্রতিভায় কতখানি আক্লুত তা সুবর্নের কোমল হৃদয়ে যেন বেঁচে থাকে, সুবর্ন সেতো আমাদেরই সন্তান, আমাদেরই গৌরব, আমাদেরই বিস্ময়।

সুবর্নের হাত ধরে আমরা যেন আরো অনেক দূর স্বপ্ন দেখি, সুবর্ন আমাদের সোনালী দিনের রাজপুত্র।
ও হ্যা, আমার জবটাও এর পরদিন হয়ে গেছিলো

Anisul Islam is an anchor at Bangladesh Betar. He can be reached at anis.cu09@gmail.com.